আজকের কাগজ

তারিখ ...2.2 OCT. 1995... ...
পৃষ্ঠা .. ২ .. কলাম .. ..২.....

# মেয়েদের কলেজে ছেলেদের স্কুল গোবিন্দগঞ্জে ক্ষোভ

গোবিন্দগঞ্জ থেকে গোপাল মোহন্ত ঃ গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ মহিলা কলেজ ক্যাম্পাসে ছেলেদের স্কুল নির্মাণের কাজ শুরু হওয়ায় কলেজের ছাত্রী, শিক্ষক, কর্মচারি ও অভিভাবকদের মধ্যে চাপা ক্ষোভ ও উত্তেজনা দেখা দিয়েছে। পূজা এবং বন্যার ছুটির পর গতকাল কলেজ খুললে শিক্ষার্থী ও শিক্ষক কর্মচারিরা দেখতে পায় মহিলা কলেজের সাইন বোর্ড নামিয়ে বালক উচ্চ বিদ্যালয় ভবনের নির্মাণ কাজ চলছে। ১৯৯১ সালে "স্বতন্ত্রধর্মী মহিলা কলেজ" এই স্লোগান নিয়ে কলেজটি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে একজন ব্যক্তির খেয়াল খুশীর কারণে কলেজটির ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে। মহিলা কলেজ ক্যাম্পাসে ছেলেদের স্কুল প্রতিষ্ঠার প্রস্তুতিতে অভিভাবক মহল তাদের মেয়েদের নিরাপত্তা নিয়ে শংকিত। এদিকে একটি সূত্রে জানা গেছে, বিদ্যালয় ভবন নির্মাণের আগেই গোপনে শিক্ষক-কর্মচারিদের নিয়োগ দেখিয়ে সুকৌশলে স্কুলের অনুমোদন নেয়ার জন্যে সংশ্লিষ্ট দফতরে কাগজপত্র জমা দেয়া হয়েছে। মহিলা কলেজ ক্যাম্পাসে বালক উচ্চ বিদ্যালয় নির্মাণের প্রতিক্রিয়া সম্পর্কে অধ্যক্ষের সঙ্গে যোগাযোগের চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি।